



ঈদের পর রামিসা হত্যা মামলার বিচার শুরু হবে: আইনমন্ত্রী



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

মিরপুরের পল্লবীতে শিশু রামিসা ধর্ষণ ও হত্যার ঘটনায় দায়ের হওয়া মামলার চার্জশিট ঈদের আগেই দেওয়া যেতে পারে বলে জানিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। তবে ডিএনএ রিপোর্ট না এলে তা দেওয়া ঠিক হবে না বলেও তিনি জানান।

শনিবার রাজধানীতে লিগ্যাল এইডের এক অনুষ্ঠানে তিনি বলেন, ডিএনএ রিপোর্ট পাওয়ার ৭২ ঘণ্টার মধ্যে চার্জশিট প্রস্তুত করা সম্ভব হবে। সবকিছু ঠিক থাকলে ঈদের আগেই তা দাখিল করা যাবে।

তিনি আরও জানান, ঈদের পরপরই মামলার বিচার কার্যক্রম শুরু করার পরিকল্পনা রয়েছে। একই সঙ্গে উচ্চ আদালতে মৃত্যুদণ্ড অনুমোদন প্রক্রিয়া দ্রুত করতে সরকার কাজ করছে বলেও তিনি উল্লেখ করেন।

আইনমন্ত্রীর মতে, হাইকোর্টে ডেথ রেফারেন্সের নথি প্রস্তুত করতে সময় বেশি লাগায় রায় পেতে দেরি হয়। এই প্রক্রিয়া সহজ করার উদ্যোগ নেওয়া হচ্ছে।

এর আগে গত মঙ্গলবার পল্লবীর একটি ফ্ল্যাট থেকে শিশু রামিসার খণ্ডিত মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় পল্লবী থানায় হত্যা মামলা হয়। পরে প্রধান অভিযুক্ত সোহেল রানার স্ত্রী স্বপ্না আক্তারকে আটক এবং সোহেল রানাকে গ্রেফতার করা হয়। সোহেল আদালতে স্বীকারোক্তি মূলক জবানবন্দী দিয়েছেন।